



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী:

১.০	সভার সভাপতি	:	মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার চেয়ারম্যান, বিএডিসি।
২.০	সভার তারিখ ও সময়	:	০৮ অক্টোবর ২০১৮; সকাল ১০.০০ ঘটিকা।
৩.০	স্থান	:	সম্মেলন কক্ষ, বিএডিসি, কৃষি ভবন।
৪.০	উপস্থিতির তালিকা	:	সংযুক্ত (পরিশিষ্ট-ক।)
৫.০	আলোচনা ও সিদ্ধান্ত	:	

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর যুগ্মসচিব (সংস্থাপন) বিএডিসি'র ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ১ম প্রান্তিকের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। তাছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০১৮-১৯ প্রণয়নের বিষয়ে সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটি কে নির্দেশনা প্রদানসহ যথাসময়ে ত্রৈমাসিক বৃদ্ধিতে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়েছে। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১	০৯ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ: সংস্থাপন বিভাগ হতে ১২ জুলাই ২০১৮ তারিখে, ১৮৬ সংখ্যক নম্বরে জারিকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং বিএডিসি'র ওয়েবসাইটেও প্রকাশিত হয়েছে। কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি।	০৯ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হলো।	সংশ্লিষ্ট সকল বিভাগীয়/প্রকল্প প্রধান।
৫.২	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ: বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউট এর প্রশিক্ষণ মডিউলে ও নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সভায় বিএডিসি'র সকল প্রশিক্ষণে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত করার বিষয়ে সভাপতি গুরোত্বারোপ করেন।	সকল প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে।	অধ্যক্ষ, বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউট /নিয়োগ ও কল্যাণ বিভাগ
৫.৩	'বিএডিসি পদক' চালুকরণ: সভায় 'বিএডিসি পদক' প্রবর্তনের বিষয়ে আলোচনা হয়। যুগ্মসচিব (নিয়োগ ও কল্যাণ) সভায় অবহিত করেন যে, বিএডিসি পদকের বিষয়ে পর্ষদে উপস্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সভাপতি বিএডিসি পদক প্রদানের বিষয়টি আইন/বিধিসম্মত কিনা সে বিষয়টি আরো পরীক্ষা-নিরীক্ষা এবং পর্যালোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।	দেশের প্রচলিত আইন/বিধিবিধান পর্যালোচনা করে 'বিএডিসি পদক' প্রবর্তনের বিষয়ে পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ
৫.৪	বিএডিসি কর্মচারী প্রবিধানমালা: যুগ্মসচিব (সংগঠন ও ব্যবস্থাপনা) অবহিত করেন যে, বিএডিসি কর্মচারী প্রবিধানমালা খসড়া অনুমোদনের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং কর্মবটন প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বিএডিসি প্রবিধানমালা ও কর্মবটন প্রনয়ণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	ক) বিএডিসি কর্মচারী প্রবিধানমালা অনুমোদনের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) কর্মবটন বই আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ
৬.০	বিবিধ: সভাপতি মাসিক সমন্বয় সভায় আলোচিত বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ ও নাগরিক সেবায় মেম্বেন্টরি কমপ্লিয়েন্স অফ সার্ভিস এর বিষয়টিসহ জিআরএস (GRS) শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভায় আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।		
৬.১	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, আইসিটি, সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। আগস্ট ২০১৮ মাসে ৪৮০টি অফিস আদেশ, পত্র, নোটিশ ও বিজ্ঞাপন আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য	সকল বিভাগীয় প্রধান/আইসিটি সেল, মনিটরিং বিভাগ।

ক্রঃনং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	নিয়মিত হালনাগাদ করার জন্য আইসিটি, সেল মনিটরিং বিভাগকে নির্দেশ প্রদান করেন।	সরবরাহ করতে হবে। বিএডিসি'র ওয়েব সাইটে চিঠিপত্র/তথ্যাদি আপলোডের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	
৬.২	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে সিটিজেন চার্টার অনুযায়ী বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিকদের নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।	সকল বিভাগীয় প্রধান।
৬.৩	জিআরএস (GRS) সংক্রান্ত সংস্থার ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, উক্ত কার্যক্রমের অংশ হিসেবে কৃষি ভবনের মূল ফটকের সামনে একটি অভিযোগ বাক্স রাখা আছে যা প্রতি সপ্তাহ অন্তর-অন্তর খোলা হয়। কোন অভিযোগ পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হয়। তাছাড়া অনলাইনেও জিআরএস (GRS) সংক্রান্ত বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করা হয়।	উক্ত কার্যক্রমে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	সংস্থাপন বিভাগ
৬.৪	দৃষ্টিনা মোকাবেলায় স্বেচ্ছাসেবক হতে আগ্রহী গ্রেড ১ হতে ২০ পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রস্তুত করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	দৃষ্টিনা মোকাবেলায় স্বেচ্ছাসেবক হতে আগ্রহী গ্রেড ১ হতে ২০ পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রস্তুত করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সাধারণ পরিচর্চা বিভাগ/নিয়োগ ও কল্যাণ বিভাগ।
৬.৫	রক্ত দানে আগ্রহী বিভিন্ন গ্রুপের রক্তদাতা'র তালিকা প্রস্তুত করা সম্পর্কে আলোচনা হয়। প্রধান চিকিৎসক সভায় অবহিত করেন যে, রক্ত দানে আগ্রহী এরূপ বিভিন্ন গ্রুপের রক্তদাতা'র তালিকা প্রস্তুত করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। রক্তদাতার তালিকা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	রক্ত দানে আগ্রহী এরূপ বিভিন্ন গ্রুপের রক্তদাতা'র তালিকা প্রস্তুত করতে হবে।	প্রধান চিকিৎসক।

৭.০ বিএডিসির ২০১৮-১৯ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম সময় অনুযায়ী বাস্তবায়নের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী: ক) সংশ্লিষ্ট সকল বিভাগীয়/প্রকল্প প্রধান/কমিটি ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট।

খ) সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটি

৮.০ পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে ওয়াহেদ খান্দকার)
চেয়ারম্যান
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৬৪৩২৮
email: chairman@badc.gov.bd

স্মারক নং: ১২.০৬.০০০০.২০৬.০৫.৪১২.০৭.১১৪৪

তারিখ: ২২ অক্টোবর ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ বিএডিসি, ঢাকা।
(সকল বিভাগীয়/প্রকল্প প্রধান/কমিটি)

২ প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩ চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪ সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৫ অফিস কপি/মাস্টার ফাইল।

(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৫২০৬৭
email: establishment@badc.gov.bd